অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের ঘৃণামূলক অপরাধগুলো দমন ও তদন্ত করতে স্টেট পুলিশ স্কুলে সেমিনারের আয়োজন করে

আইন প্রয়োগকারী বাহিনীর 160 জনেরও বেশি সদস্য অ্যালবানির নিউ ইয়র্ক হেট ক্রাইমস ইনভেস্টিগেশন সেমিনারে (New York Hate Crimes Investigation Seminar) অংশগ্রহণ করেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে স্টেট পুলিশ আজ অ্যালবানির স্টেট পুলিশ একাডেমি (State Police Academy)-তে নিউ ইয়র্ক স্টেট হেট ক্রাইমস ইনভেস্টিগেশন সেমিনার (New York State Hate Crimes Investigation Seminar) সম্পন্ন করে। পক্ষপাতমূলক অপরাধ সম্পর্কিত আইনি প্রক্রিয়ায় দক্ষ হওয়ার পাশাপাশি এই ধরনের অপরাধ তদন্তে এবং অ্যান্টি-ডিফেমেশন লিগের (Anti-Defamation League) কর্মীদের প্রশিক্ষণ প্রদানে অভিজ্ঞ আইন প্রয়োগকারী বাহিনীর প্রতিনিধিদের কথা শোনার জন্য ডিস্ট্রিক্টের অ্যাটর্নিদের সাথে স্টেট, কাউন্টি ও স্থানীয় পর্যায়ের আইন প্রয়োগকারী বাহিনীর 160 জনেরও বেশি সদস্য 5 ও 6 মার্চ স্কুলে একত্রিত হন। এই ইভেন্টটি অংশগ্রহণকারীদেরকে নিউ ইয়র্ক স্টেটে ঘৃণামূলক অপরাধ চিহ্নিত ও তদন্তকরণ, প্রমাণ প্রক্রিয়া ও উপলব্ধ সংস্থান সম্পর্কে প্রশিক্ষণের পাশাপাশি তাদের কমিউনিটিতে এই ধরনের কর্মকাণ্ডগুলো কীভাবে দমন করবে সে বিষয়ে পরামর্শ গ্রহণের সুযোগ প্রদান করে।

"ঘৃণামূলক অপরাধগুলোর সম্প্রতি যে হারে বেড়েছে, এখন স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারী বাহিনীর কর্মীদের এই জঘন্য অপরাধগুলো তদন্ত ও পরিচালনায় সাহায্যের জন্য সর্বাধুনিক প্রশিক্ষণ ও সর্বশেষ তথ্য পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেন,** "আমাদের স্টেটে ঘৃণার কোনো স্থান নেই এবং এই প্রশিক্ষণগুলো নিশ্চিত করবে যে পক্ষপাতমূলক অপরাধগুলোতে আমাদের প্রতিক্রিয়া বেশ দ্রুত।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "সব নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ও সুরক্ষায় আমরা সবচেয়ে বেশি গুরুত্ব দেই এবং আমাদের কমিউনিটিতে ঘৃণামূলক অপরাধগুলো জিইয়ে রাখে এমন লোককে কোনো অবস্থাতেই বরদাস্ত করা হবে না। এই সেমিনার আইন প্রয়োগকারী বাহিনী ও আমাদের কমিউনিটির অংশীদারদের ব্যাপক ও গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ প্রদান করে যা ঘৃণামূলক অপরাধ সংক্রান্ত মামলাগুলো তদন্ত ও নিরসনে সাহায্য করবে। এই প্রশিক্ষণ তদন্তকারীদের গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করেছে যা এই ধরনের অপরাধ প্রতিরোধ ও দমনে প্রয়োজনীয় এবং সমানভাবে গুরুত্বপূর্ণ।"

এই প্রশিক্ষণ পক্ষপাত ও বৈষম্য দমনে গভর্নর কুওমোর যে চলমান উদ্যোগ সেটির ভিত্তিতে পরিকল্পিত হয়েছে। 2016 সালে, গভর্নর নিউ ইয়র্কের প্রথম হেট ক্রাইমস টাস্ক ফোর্স (Hate Crimes Task Force) গঠন করেন এবং এর অল্প কিছুদিন পরে, তিনি হেট ক্রাইমস টেক্সট লাইন (Hate Crimes Text Line) চালু করেন যা যেকোনো নিউ ইয়র্কবাসীকে তাদের কমিউনিটির ঘটনাগুলো সহজে রিপোর্ট করার সুযোগ দেয়। যারা

পক্ষপাত বা বৈষম্যের শিকার হয়েছেন বা প্রত্যক্ষ করেছেন তাদেরকে "HATE" লিখে ঘটনার বিবরণ, ছবি বা ভিডিও সহ 81336 নম্বরে প্রেরণ করতে উৎসাহিত করা হয়।

এই টেক্সট লাইনটি স্টেটের মানবাধিকার বিভাগ (State Division of Human Rights) পরিচালিত একটি টোলমুক্ত টেলিফোন পক্ষপাত ও বৈষম্য হটলাইন (bias and discrimination hotline) (**1-888-392-3644**) এর বিকল্প। 2016 সালের নভেম্বরে এটি তৈরির পর থেকে, হটলাইনটি 19,000 এরও বেশি কল রিসিভ করেছে এবং সম্ভাব্য অপরাধমূলক আচরণ তদন্তের জন্য 180 বারেরও বেশি স্টেট পুলিশের কাছে রেফার করা হয়েছে। জরুরি অবস্থায় বা আপনি যদি একটি অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তি হন তাহলে সবসময় 911 নম্বরে ডায়াল করবেন। পূর্বে, কোনো তথ্যের কারণে গ্রেফতার করা গেলে এবং একটি ঘৃণামূলক অপরাধে দোষী সাব্যস্ত করা গেলে তথ্য প্রদানকারীকে 5,000 মার্কিন ডলার পুরস্কার দেয়া হতো। 2017 সালে, উক্ত পুরস্কার 20,000 মার্কিন ডলার করার জন্য গভর্নর নিউ ইয়র্ক সিটির মেয়র বিল ডি ব্লাসিও এর সাথে যৌথ অংশীদার হন।

এছাড়া, গভর্নর কুওমো নিউ ইয়র্কের যেসব স্কুল ও ডে কেয়ার সেন্টার তাদের আদর্শ, বিশ্বাস বা মিশনের কারণে ঘৃণামূলক অপরাধ বা আক্রমণের ঝুঁকিতে আছে সেগুলোর নিরাপত্তা ও সুরক্ষা জোরদার করার জন্য 25 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান কর্মসূচি চালু করেছেন। এই অনুদান কর্মসূচি অতিরিক্ত নিরাপত্তা সরঞ্জাম ও প্রশিক্ষণের জন্য অর্থায়ন করে এবং ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড এমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) কর্তৃক পরিচালিত হয়।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব ভিক্টিম সার্ভিসেস (Office of Victim Services, OVS) ঘৃণামূলক অপরাধের শিকার লোকদের অর্থ ও ক্ষতিপূরণ দিতে পারে। স্টেট আইনের সাম্প্রতিক পরিবর্তনগুলো এজেন্সি প্রদত্ত নিরাপত্তা বৃদ্ধি করে অপরাধে শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত হননি এমন লোকদের জন্য এজেন্সির সহায়তাকে সম্প্রসারিত করে। এই পরিবর্তনগুলোর পূর্বে, ঘৃণামূলক অপরাধের শিকার শুধু শারীরিকভাবে আঘাতপ্রাপ্ত ব্যক্তিগণ সহায়তার জন্য আবেদন করতে পারতেন। উদাহরণস্বরূপ, একটি ঘৃণামূলক অপরাধ সংশ্লিষ্ট হয়রানিতে হাড় ভাঙার শিকার হওয়া একজন ব্যক্তি সবসময় ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য। তবে, একটি ঘৃণামূলক অপরাধের কারণে বাড়িঘরে ব্যাপক ক্ষয়ক্ষতির ফলে মানসিক আঘাতপ্রাপ্ত কোনো ব্যক্তি কাউন্সেলিং এবং/অথবা অপরাধের চিহ্ন দূর করার ব্যয় পরিশোধ করতে সহায়তা পাওয়ার অযোগ্য কারণ তারা শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত হননি; বর্তমানে এই বিষয়টি আর নেই।

OVS এছাড়াও স্টেটব্যাপী 220 টি কর্মসূচিতে অর্থায়ন করে যেগুলো ঘৃণামূলক অপরাধ সহ অন্যান্য অপরাধের শিকার ব্যক্তিদের মধ্যস্থতা ও কাউন্সেলিং এর মতো সরাসরি সেবা প্রদান করে। এজেন্সিটি এছাড়াও স্টেটজুড়ে স্টেট পুলিশ বাহিনীতে নিযুক্ত অপরাধের শিকার ব্যক্তির উকিলদের জন্য অর্থায়ন করে। অন্যান্য অর্থায়নকৃত প্রোগ্রামের এই উকিল এবং কর্মীগণ অফিস অব ভিক্টিম সার্ভিসেসে ক্ষতিপূরণ এবং অন্যান্য সহায়তার জন্য আবেদনকারী যেকোনো অপরাধের শিকার ব্যক্তিকে সাহায্য করতে পারবেন, যেটি অন্য কোনো সহায়-সম্পদ না থাকা লোকদের জন্য একটি নিরাপত্তা। OVS থেকে যারা সাহায্য চান তারা অনলাইনে একটি সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে পারবেন এখানে: https://ovs.ny.gov/locate-program. আরো তথ্যের জন্য অনুগ্রহ করে পরিদর্শন করুন www.ovs.ny.gov.

স্টেট আইনে, একজন ব্যক্তি একটি ঘৃণামূলক অপরাধ করেছে বলে গণ্য করা হয় যদি উক্ত ব্যক্তি জাত, বর্ণ, জাতিগত উৎপত্তি, বংশানুক্রম, লিঙ্গ, ধর্ম, ধর্মীয় চর্চা, বয়স, প্রতিবন্ধীত্ব বা যৌন অভিযোজন সম্পর্কে কারো

দৃষ্টিভঙ্গি বা বিশ্বাসের কারণে তাকে লক্ষ্য করে বিভিন্ন ধরনের অপরাধ কাজ করে অথবা উক্ত প্রকার দৃষ্টিভঙ্গি বা বিশ্বাসের ফলে এই ধরনের কাজ করে। ঘৃণামূলক অপরাধগুলো একজন ব্যক্তি বা একটি দলের বিরুদ্ধে অথবা সরকারি বা বেসরকারি সম্পত্তির বিরুদ্ধে করা হতে পারে। এছাড়াও, স্টেট আইনে, জাত, জাতিগত উৎপত্তি, ধর্ম, জাতিসত্বা এবং অন্যান্য সুরক্ষিত শ্রেণিবিভাগের ভিত্তিতে বৈষম্য করা অবৈধ।

নিউ ইয়র্কের মানবাধিকার আইন পাস করার ক্ষেত্রে দেশের প্রথম স্টেট হিসেবে গর্বিত স্বাতন্ত্র্য রয়েছে যেটি প্রত্যেক নাগরিককে "একটি পূর্ণাঙ্গ ও ফলপ্রসূ জীবন উপভোগের সমান সুযোগ" প্রদান করে। নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ এই আইন প্রয়োগের দায়িত্বপ্রাপ্ত এজেন্সি যেটি বয়স, জাত, জাতিগত উৎপত্তি, লিঙ্গ, যৌন অভিযোজন, বৈবাহিক অবস্থা, প্রতিবন্ধিত্ব, সামরিক অবস্থা এবং অন্যান্য সুনির্দিষ্ট বিষয়ের ভিত্তিতে কর্মসংস্থান, আবাসন, পাবলিক অ্যাকোমোডেশন, ঋণ ও অন্যান্য বিচারিক ব্যবস্থায় বৈষম্য প্রতিহত করে। মানবাধিকার আইন এবং উক্ত এজেন্সির কাজ সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে মানবাধিকার বিভাগের ওয়েবসাইট www.dhr.ny.gov ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন